



BLOOD MOUTH CLUB
Ramnagar-Krishnanagar
Agartala, Tripura

Date: 16/09/2024

সম্মানিত ক্লাব সদস্যবৃন্দ ও এলাকাবাসীগণ,

আনন্দের সাথে জানাচ্ছি দীর্ঘদিন পর পুনরায় A ডিভিশন ফুটবলে উত্তীর্ণ হয়েই আজ এইমাত্র চন্দ্র মেমোরিয়াল ফুটবল লিগে রানার্সআপের খেতাব অর্জন করেছে আমাদের প্রিয় ব্লাড মাউথ ক্লাব। এবছর টি-টোয়েন্টি মহিলা ক্রিকেট লিগে চ্যাম্পিয়ন হওয়া, ২০ বছর পর ম্যান্স ক্রিকেট সুপার ডিভিশনে এসেই সুপারফোরে যাওয়ার সুবাদে জে. সি. লীগ খেলার যোগ্যতা অর্জন করা ইত্যাদির পর ফুটবলের প্রিমিয়ার ডিভিশনে রানার্সআপ ট্রফি আসলো ব্লাড মাউথের ঘরে। ক্লাব বিল্ডিং উঠার সময় থেকে উদ্বোধন হওয়ার সময় পর্যন্ত নজর দেওয়া যায়নি ফুটবলের দিকে। ক্লাব বিল্ডিং এর কাজ শেষ হওয়ার পর পরই C ডিভিশন থেকে B ডিভিশন এবং এরপর বছরই B ডিভিশন থেকে A ডিভিশনে উঠে আসে ব্লাড মাউথ ক্লাব। A ডিভিশনে উঠে প্রথম বছরেই রানার্সআপ। এবছর চ্যাম্পিয়ন হতে না পারলেও প্রস্তুতি চলবে আগামী বছরের জন্য। তবে শারদ উৎসবের প্রাক মুহুর্তে এই রানার্সআপ ট্রফি বিজয় ব্লাড মাউথ ক্লাবের প্রত্যেক সদস্য ও এলাকাবাসীর কাছে গর্বের।

ধন্যবাদান্তে

সেবক ভট্টাচার্য

সম্পাদক

ব্লাড মাউথ ক্লাব

(কার্যকরী কমিটির পক্ষে)।।